# জানুয়ারি/২০২২ মাসে অনুষ্ঠিত লালপুর উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শামীমা সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর |
| তারিখ | : | ১০ জানুয়ারি, ২০২২ সময় : বেলা-১১.০০ টা |
| স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ, লালপুর, নাটোর |
| উপস্থিত সদস্য | : | স্বাক্ষরের ক্রমানুসারে পরিশিষ্ট 'ক' ৩৬ জন। |

সভার শুরুতে সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। গত ২৬/১২/২০২১ তারিখে লালপুর উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নতুন যোগদান করায় সকলের সহযোগিতা কামনা করে সকলের সাথে পরিচয় পর্বশেষে উপজেলার আইন-শৃংখলা বিষয়ে ধারাবাহিক আলোচনা শুরু করা হয়। শুরুতেই করোনা প্রতিরোধে সকলকে সচেতন থাকার পরামর্শ দেওয়া হয়। এরপর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ, লালপুর, নাটোরকে করোনা বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | **করোনা ভাইরাস প্রতিরোধঃ**<br>সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, লালপুর, নাটোর সভায় জানান যে, হাসপাতালে করোনার ভ্যাকসিন প্রদান অব্যাহত রয়েছে। তিনি জানান যে, ৫৩৬ জনকে বুষ্টার ডোজ দেওয়া হয়েছে এবং ১২ হতে ১৮ বছর বয়সী ২৯২০ জন শিক্ষার্থীকে করোনার প্রথম ডোজ টিকা প্রদান করা হয়েছে এবং পর্যায়ক্রমে বর্ণিত বয়সের সকল শিক্ষার্থীদের করোনা ভ্যাকসিন প্রদান করা হবে। এছাড়াও তিনি জানান যে, লালপুর উপজেলায় আজ পর্যন্ত ৮১৯ জন করোনা রোগী সনাক্ত হয়েছে তার মধ্যে ৪ জন মৃত্যুকরণ করেছেন। অবশিষ্ট সকলেই করোনামুক্ত হয়েছেন। তিনি আরো বলেন বর্তমানে করোনার ওমিক্রন ভেরিয়েন্ট আক্রান্তের সংখ্যা বাড়ছে। তাই সকলকে সতর্ক থাকার পরামর্শ দেন। অবশেষে তিনি বলেন যে, করোনার যে কোন পরিস্থিতি মোকাবেলায় আমরা প্রস্তুত আছি। সভায় উপস্থিত উপজেলা চেয়ারম্যান, করোনার যে কোন পরিস্থিতির মোকাবেলার জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে প্রস্তুত থাকার পরামর্শ প্রদান করেন। সভাপতি করোনা প্রতিরোধের লক্ষ্যে সকলকেই সামাজিক দূরত্ব বজায় রেখে চলাচল করার, বাড়ির বাহিরে গেলে অবশ্যই মাস্ক পরিধান করা এবং ঘন ঘন হাত ধোয়ার পরমর্শ দেন। | ১. করোনা প্রতিরোধে সকলকে ভ্যাকসিন গ্রহণ করতে হবে।<br>২. করোনা প্রতিরোধে সামাজিক দূরত্ব বজায় রেখে চলাচল করা, বাড়ির বাহিরে গেলে অবশ্যই মাস্ক পরিধান করা এবং ঘন ঘন হাত ধোঁয়ার অভ্যাস করতে হবে। বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেওয়া হলো।<br>৩. ১২ হতে ১৮ বছর বয়সী শিক্ষার্থীদের দ্রুত করোনার ভ্যাকসিন প্রদানের কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেওয়া হলো।<br>৪. করোনার যে কোন পরিস্থিতি মোকাবেলার জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে প্রস্তুত থাকতে হবে। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, লালপুর, নাটোরসহ চেয়ারম্যান সকল ইউপি, লালপুর, নাটোর।<br>২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লালপুর, নাটোর |
| ২. | **অপরাধ দমনঃ-**<br>লালপুর উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি ও অপরাধ দমন সংক্রান্ত বিষয়ে আলোচনা করার জন্য সভায় উপস্থিত অফিসার ইনচার্জ লালপুর থানার প্রতিনিধিকে অনুরোধ জানানো হয়। সভায় উপস্থিত এস আই জনাব মোঃ তৌফিকুল ইসলাম, লালপুর থানা সভায় জানান যে, বর্তমানে লালপুর উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি ভাল রয়েছে। তিনি বলেন গত ডিসেম্বর/২০২১ মাসে মোট ৩২টি মামলা হয়েছে। তন্মধ্যে মাদক সংক্রান্ত-২২; নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ আইনে-০২টি এবং অন্যান্য মামলা-০৮টি। এছাড়াও তিনি জানান যে, গত কয়েকদিন পূর্বে দুয়ারিয়া ইউনিয়নে কয়েকটি গরু চুরির ঘটনা ঘটেছে। গরু চুরির বিষয়টি তদন্ত করা হচ্ছে এবং গরু চুরি প্রতিরোধে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। অপরাধীদের আইনের আওতায় আনার বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। অপরাধ দমনে এবং মাদক, সন্ত্রাস/ জঙ্গীবাদসহ চুরি/ডাকাতি প্রতিরোধে পুলিশ বিভাগের তৎপরতা | ১. মাদক এবং অন্য যে কোন ধরণের অপরাধীদের সম্পর্কে তথ্য জানতে পারলে সাথে সাথে উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইনচার্জ, লালপুর থানাকে জানাতে হবে।<br>২.অপরাধ প্রতিরোধসহ মাদক/ ডাকাতি/ ছিনতাই/চুরি প্রতিরোধে পুলিশি অভিযান বৃদ্ধি করতে হবে।<br>৩. অপরাধীদের আইনের আওতায় আনার জন্য জনপ্রতিনিধিসহ সকলকে সার্বিক সহযোগিতার পরামর্শ দেওয়া হলো। | ১. অফিসার ইনচার্জ, লালপুর থানাসহ সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | আরো বৃদ্ধির পরামর্শ দেওয়া হয় এবং জনপ্রতিনিধিসহ সকলকে সহযোগিতার অনুরোধ জানানো হয়। | | |
| ৩. | মোবাইল কোর্ট পরিচালনাঃ<br>সভায় উপস্থিত সহকারী কমিশনার (ভূমি), লালপুর, নাটোর জানান যে, গত ডিসেম্বর/২১ মাসে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক ০১টি অভিযান পরিচালিত হয় এতে ০৩টি মামলা হয় এবং ০৩ জন আসামীর নিকট হতে ১২০০/- (এক হাজার দুইশত) জরিমানা আদায় করা হয়। অপরদিকে সহকারী কমিশনার(ভূমি), লালপুর, নাটোর কর্তৃক ৮টি অভিযান পরিচালনা করা হয় এতে ১৭টি মামলা হয় এবং ১৭ জন আসামীর নিকট হতে মোট ১,৭৫,৭০০/-(এক লক্ষ পচাত্তর হাজার সাতশত) টাকা জরিমানা আদায় করা হয়। এছাড়াও তিনি জানান যে, অতিথি পাখি শিকার করছেন মর্মে জানা যাচ্ছে। এ সংক্রান্ত সঠিক তথ্য জানানোর জন্য তিনি সকলকে অনুরোধ জানান। অতিথি পাখি শিকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর সভায় জানান যে, অপরাধ প্রতিরোধের লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে এবং থাকবে। মোবাইল কোর্ট পরিচালনায় সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতার অনুরোধ জানানো হয়। | ১. উপজেলার আইন-শৃংখলা স্বাভাবিক এবং অপরাধ প্রতিরোধের লক্ষ্যে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>২. মোবাইল কোর্ট পরিচালনায় সার্বিক সহযোগিতার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।<br>৩. অতিথি পাখি শিকার সংক্রান্ত সঠিক তথ্য জানানোর জন্য সকলকে পরামর্শ দেওয়া হলো। | ১. উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার(ভূমি), লালপুর, নাটোর<br>২. অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোর<br>৩. চেয়ার |
| ৪. | নারী ও শিশু নির্যাতন/ইভটিজিং:<br>নারী ও শিশু নির্যাতন/ইভটিজিং বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সকল ইউনিয়নে আইন-শৃংখলা, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা নিয়মিত করে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। এছাড়াও নারী ও শিশু নির্যাতন/ ইভটিজিং প্রতিরোধে অভিভাবকসহ সকলকেই সতর্ক থাকার পরামর্শ দেওয়া হয় এবং নারী উন্নয়ন ফোরাম/তথ্য আপা কর্তৃক আয়োজিত উঠান বৈঠকে বিষয়গুলো নিয়ে আলোচনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | ১. নারী ও শিশু নির্যাতন/ ইভটিজিং প্রতিরোধে অভিভাবকসহ সকলকেই সতর্ক থাকতে হবে।<br>২. অভিভাবকদের সচেতন করার জন্য অভিভাবক সমাবেশ করতে হবে।<br>৩. নারী উন্নয়ন ফোরাম এবং তথ্য আপা কর্তৃক আয়োজিত উঠান বৈঠকে বিষয়গুলো নিয়ে আলোচনা করতে হবে।<br>৪. ইউনিয়ন পর্যায়ে নিয়মিত আইন-শৃংখলাসহ নারী নির্যাতন প্রতিরোধ বিষয়ক সভা করে কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ৫. | মাদক নির্মুল/প্রতিরোধঃ-<br>সভায় উপস্থিত অফিসার ইনচার্জ, লালপুর থানার প্রতিনিধি জানান যে, মাদক বিরোধী অভিযান পরিচালনা অব্যাহত আছে এবং থাকবে। পুলিশ বিভাগকে মাদক বিরোধী অভিযান আরো জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং মাদক সেবনকারী/পাচারকারী/ ব্যবসায়ীদের কোন তথ্য জানতে পারলে সাথে সাথে অফিসার ইনচার্জ, লালপুর থানাকে জানানোর জন্য সকলকে অনুরোধ জানানো হয়। | ১. মাদক সংক্রান্ত কোন তথ্য জানতে পারলে তাৎক্ষণিকভাবে অফিসার ইনচার্জ, লালপুর থানাকে জানানোর পরামর্শ দেওয়া হলো এবং মাদক প্রতিরোধ/ নির্মূলে সকলকে সহযোগিতা প্রদান করতে হবে।<br>২. পুলিশ বিভাগকে মাদক বিরোধী অভিযান আরো জোরদার করতে হবে। | অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোরসহ সংশ্লিষ্ট সকল। |
| ৬. | বাল্য বিবাহ প্রতিরোধঃ<br>সভায় বাল্য বিবাহ প্রতিরোধের বিষয়ে বিস্তারিত আলোচনা | ১. বাল্য বিবাহ প্রতিরোধে অফিসার ইনচার্জ/কাজী/ইমাম/ | ১. অফিসার ইনচার্জ/কাজী/ |

| | | | |
|---|---|---|---|
| | হয়। সভায় উপস্থিত জনাব আ.ক.ম মাহমুদুল হক মুকুল, যুগ্ম-সাধারণ সম্পাদক, উপজেলা আওয়ামীলীগ জানান যে, বাল্য বিবাহ বন্ধে কাজীদের সতর্ক থাকতে হবে এবং বাল্য বিবাহের কুফল বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার লালপুর, নাটোর বাল্য বিবাহ প্রতিরোধে অভিভাবকসহ সংশ্লিষ্ট চেয়ারম্যান এবং কাজীদের সতর্ক থাকার পরামর্শ দেন এবং বাল্য বিবাহের বিষয়ে কোন তথ্য জানতে পারলে সঠিক তথ্য উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ এবং ইউপি চেয়ারম্যান সহ সংশ্লিষ্টদের জানানোর পরামর্শ দেওয়া হয়। এ বিষয়ে আরো জানানো হয় যে, বাল্য বিবাহ হওয়ার ২(দুই) বছর পরেও নিয়মিত মামলা রুজু করা যায়। বাল্য বিবাহের বিষয়ে নিয়মিত মামলা করার জন্য সংশ্লিষ্টদের পরামর্শ দেওয়া হয় এবং এবং কাজীদের বিরুদ্ধে বাল্য বিবাহ করানোর যথাযথ অভিযোগ পাওয়া গেলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। | অভিভাবক -সহ সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে।<br>২. বাল্য বিবাহ সংক্রান্ত কোন খবর/তথ্য পাওয়া গেলে যাচাই করে সঠিক তথ্য তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/অফিসার ইনচার্জ /উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোরকে অবহিত করতে হবে।<br>৩. বাল্যবিবাহ প্রতিরোধে স্থানীয় চেয়ারম্যানসহ সকলকে সার্বিক সহযোগিতার অনুরোধ করা হলো।<br>৪. বাল্য বিবাহের বিষয়ে নিয়মিত মামলা রুজু করার জন্য সংশ্লিষ্টদের পরামর্শ দেওয়া হলো।<br>৫. কাজীদের বাল্য বিবাহ করানোর অভিযোগ প্রমানিত হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। | শিক্ষক ইমামসহ সংশ্লিষ্ট সকল। |
| ৭. | <u>সন্ত্রাস/জঙ্গীবাদ দমনঃ</u><br>সকল মসজিদের ইমামগণকে জুম্মার নামাজে খুৎবার পূর্বে বয়ানে সন্ত্রাস/জঙ্গীবাদ ও ন্যারী নির্যাতনের বিষয়গুলো নিয়ে আলোচনা অব্যাহত রাখতে বলা হয় এবং বিষয়টি নিয়মিত মনিটরিং করার জন্য সকল ইউপি চেয়ারম্যান এবং সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, লালপুর, নাটোরকে অনুরোধ জানানো হয়। করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে সামাজিক দূরত্ব বজায় রেখে মসজিদে নামাজ আদায় করার অনুরোধ জানানো হয়। বিষয়টি সকল মসজিদের ইমামদের অবহিত করার জন্য সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, লালপুর, নাটোরকে অনুরোধ জানানো হয়। | ১. সকল মসজিদের ইমামদের জুম্মার নামাজে খুৎবার পূর্বে বয়ানে সন্ত্রাস/জঙ্গীবাদ ও নারী নির্যাতনের বিষয়গুলো নিয়ে বক্তব্য প্রদান অব্যাহত রাখতে হবে।<br>২. ইমামগণ জুম্মার নামাজে খুৎবার পূর্বে বয়ানে সন্ত্রাস/জঙ্গীবাদ ও নারী নির্যাতনের বিষয়গুলো নিয়ে আলোচনার বিষয়টি সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান ও সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, লালপুর, নাটোর নিয়মিত মনিটরিং করবেন।<br>৩. করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে সামাজিক দূরত্ব বজায় রেখে মসজিদে নামায আদায় করতে হবে। | ১. অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোর।<br>২. চেয়ারম্যান, সকল ইউপি ও সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, লালপুর, নাটোর। |
| ৮. | <u>গ্রাম আদালতঃ</u><br>গত ডিসেম্বর/২০২১ মাসে লালপুর উপজেলায় ১০টি ইউনিয়নে গ্রাম আদালতের মাধ্যমে ০৯টি মামলা নিষ্পত্তি হয়েছে। বতর্মানে ১০টি ইউনিয়নে ৪৩টি মামলা অনিষ্পন্ন রয়েছে। সামাজিক দুরত্ব বজায় রেখে মামলাসমূহ বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | সামাজিক দুরত্ব বজায় রেখে গ্রাম আদালতের অনিষ্পন্ন মামলাসমূহ বিধি মোতাবেক দ্রুত নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, সকল ইউপি, লালপুর, নাটোর। |

| | | | |
|---|---|---|---|
| ৯. | নিরাপদ সড়ক<br>নিরাপদ সড়ক নিশ্চিতকরণের লক্ষ্যে মোটর সাইকেল আরোহীগণ হেলমেট পরিধান করছে কিনা, নিরাপদ সড়ক আইন-২০১৮ যথাযথভাবে মেনে চলছে কিনা, এবং ট্রাফিক রুলস মেনে চলছে কিনা বিষয়গুলো মনিটরিং অব্যাহত রাখার জন্য পুলিশ বিভাগকে অনুরোধ জানানো হয়। এছাড়াও সপ্তাহে ০১ দিন মটরযান আইনের আওতায় মোবাইল কোর্ট পরিচালনার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। | ১.নিরাপদ সড়ক নিশ্চিতকরণের লক্ষ্যে মোটর সাইকেল আরোহীগণ হেলমেট পরিধান করছে কিনা, নিরাপদ সড়ক আইন-২০১৮ যথাযথভাবে মেনে চলছে কিনা, এবং ট্রাফিক রুলস মেনে চলছে কিনা বিষয়গুলো পুলিশ বিভাগকে মনিটরিং অব্যাহত রাখতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার(ভূমি) এবং অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোর |
| | লালপুর উপজেলায় অপরাধ প্রতিরোধে বিশেষ করে পৌর এলাকার গুরুত্বপূর্ণ স্থানসমূহে সিসি ক্যামেরা স্থাপনের কাজ দ্রুত শেষ করার জন্য মেয়র, গোপালপুর পৌরসভা, লালপুর, নাটোরকে অনুরোধ জানানো হয়। | লালপুর উপজেলায় অপরাধ প্রতিরোধে বিশেষ করে পৌর এলাকার গুরুত্বপূর্ণ স্থানসমূহে সিসি ক্যামেরা স্থাপনের কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | মেয়র, গোপালপুর পৌরসভা, লালপুর, নাটার |
| | বিবিধঃ<br>১. যে কোন জরুরি প্রয়োজনে ৯৯৯ অথবা ৩৩৩ তে কল করে জানানোর জন্য সকলকে অনুরোধ জানানো হয়। | যে কোন জরুরি প্রয়োজনে ৯৯৯ অথবা ৩৩৩ তে কল করে জানানোর জন্য অনুরোধ করা হলো। | স্থানীয় জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকল। |
| | ২. উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় সকল সদস্যকে নিয়মিত উপস্থিত থাকার/সংযুক্ত হওয়ার নির্দেশনা দেওয়া হলো। অপরদিকে ইউনিয়ন পর্যায়ের আইন-শৃংখলা কমিটির সভা নিয়মিত করে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণেরও অনুরোধ জানানো হয়। সকল ইউনিয়ন চেয়ারম্যানদের ইউনিয়ন আইন-শৃংখলা সভা করে তার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | ১. উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় সকল সদস্যদের নিয়মিত উপস্থিতি/সংযুক্ত নিশ্চিত করতে হবে।<br>২. সকল ইউনিয়নে নিয়মিত আইন-শৃংখলা কমিটির সভা করতে হবে এবং সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, সকল ইউপি, লালপুর, নাটোর |
| | ৩. সভায় উপস্থিত জনাব মোঃ আব্দুল মোত্তালেব রায়হান, সভাপতি, লালপুর উপজেলা প্রেসক্লাব লালপুর উপজেলার ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১ সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। অতঃপর তিনি লালপুর উপজেলার উন্নয়নের জন্য কয়েকটি প্রস্তাবনা তুলে ধরেন।<br>১. লালপুর মোড়ের যানজট নিরসনের জন্য তিনি লাইব্রেরীর পাশদিয়ে বাইপাস রাস্তা করার এবং কলোনীতে অটো/রিকসা রাখার জায়গা করার অনুরোধ জানান।<br>২. অপরাধ প্রতিরোধে গুরুত্বপূর্ণ স্থানসমূহে সিসি ক্যামেরা স্থাপনের অনুরোধ করেন।<br>৩. অফিসার ইনচার্জ, লালপুর থানাকে উপজেলা আইন-শৃংখলা সভায় নিয়মিত উপস্থিত পাওয়ার আশা ব্যক্ত করেন।<br>৪. ধুপইল-আব্দুলপুর-বিলমাড়ীয়া রাস্তার নির্মাণ কাজে নিম্নমানের মালামাল/উপকরণ ব্যবহার করা হচ্ছে যা প্রতিরোধের অনুরোধ জানান।<br>৫. তিনি বলেন ভেজাল গুড় প্রস্তুতকারীরা সরাসরি জড়িত থাকলেও প্রকৃতপক্ষে ব্যবসায়ীরাও জড়িত। তাই তিনি ভেজাল গুড় তৈরি প্রতিরোধের লক্ষ্যে গুড় পরিবহনকৃত গাড়ির উপর নজর রাখার অনুরোধ করেন।<br>সভায় উপস্থিত জনাব মোঃ আফতাব হোসেন ঝুলফু, সভাপতি, উপজেলা আওয়ামীলীগ, লালপুর সকল অনিয়মের বিষয়ে সাংবাদিকদের লেখার-মাধ্যমে প্রতিবাদ করার পরামর্শ দেন। | ১. লালপুর মোড়ের যানজট নিরসনে লাইব্রেরীর পাস দিয়ে বাইপাস রাস্তা নির্মাণের জন্য জরিপ কাজে সহযোগিতার পরামর্শ দেওয়া হলো।<br>২. অফিসার ইনচার্জ, লালপুর থানাকে নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।<br>৩.ধুপইল-আব্দুলপুর-বিলমাড়ীয়া রাস্তার নির্মাণ কাজে নিম্নমানের মালামাল/উপকরণ ব্যবহার বন্ধের বিষয়ে উপজেলা প্রকৌশলী, এলজিইডিকে মনিটর করার জন্য বলা হয় এবং বিষয়টি সংবাদপত্রে তুলে ধরার জন্য সাংবাদিকদের বলা হলো।<br>৪. ভেজাল গুড় তৈরি প্রতিরোধকল্পে গুড় চলাচলের উপর নজর রাখার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা হলো। | ১. সহকারী কমিশনার(ভূমি), লালপুর, নাটোর।<br>২. অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোর<br>৩. সাংবাদিকবৃন্দ |

| | | | |
|---|---|---|---|
| | লালপুরের যানজট নিরসনে লাইব্রেরীর পাস দিয়ে বাইপাস রাস্তা জরিপ কাজে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সহকারী কমিশনার(ভূমি)কে এবং অফিসার ইনচার্জ, লালপুর থানাকে নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। অপরদিকে ধুপইল-আব্দুলপুর-বিলমাড়ীয়া রাস্তা নির্মাণ কাজে নিম্নমানের মালামাল/উপকরণ ব্যবহারের বিষয়টি সাংবাদিকদের কলমের মাধ্যমে তুলে ধরার পরামর্শ দেওয়া হয়। | | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলের সহযোগিতা কামনা করে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
( শামীমা সুলতানা )
উপজেলা নির্বাহী অফিসার
লালপুর, নাটোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালপুর, নাটোর।

স্মারক সংখ্যা : ০৫.৪৩.৬৯৪৪.০০০.০৬.০০১.২০-৫৭

তারিখ: ২৮ পৌষ, ১৪২৮
১২ জানুয়ারি, ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. মাননীয় সংসদ সদস্য, ৫৮, নাটোর-০১ (লালপুর-বাগাতিপাড়া)
২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর।
৩. পুলিশ সুপার, নাটোর।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর, নাটোর।
৫. মেয়র, গোপালপুর পৌরসভা, লালপুর।
৬. চেয়ারম্যান............................ইউপি, লালপুর, নাটোর।
৭. ...........................................................................

22/02/2022

( শামীমা সুলতানা )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
লালপুর, নাটোর।